



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION

বিজ্ঞপ্তি নং- ২৯/২০২২

তারিখঃ ২৬-০৫-২০২২

বিজ্ঞপ্তি

বরাবর: বাংলাদেশ ফুটবল ফেডারেশনের আওতাধীন সদস্য সংস্থাসমূহ।

বিষয়ঃ 'বাংলাদেশ ওমেন্স ফুটবল লীগ ২০২১-২২' এ অংশগ্রহণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক 'বাংলাদেশ ওমেন্স ফুটবল লীগ ২০২১-২২' আগামী নভেম্বর ২০২২ এর তৃতীয় সপ্তাহ হতে আয়োজন করা হবে। এ লক্ষ্যে যে সকল ক্লাব/সংস্থার ফুটবল ক্লাব 'বাংলাদেশ ওমেন্স ফুটবল লীগ ২০২১-২২' এ অংশগ্রহণে অগ্রহী সে সকল ক্লাবসমূহকে বাফুফে সচিবালয় বরাবর আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। আসন্ন 'বাংলাদেশ ওমেন্স ফুটবল লীগ ২০২১-২২' উপলক্ষে প্রণীত "BFF Club Licensing Regulations For Women's Football League 2021-22" ও "BFF Club Licensing Application Manual For Women's Football League 2021-22" এর বিভিন্ন নির্ণায়কসমূহ পূরণ করা বাঞ্ছনীয় বিধায় সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয় কার্যার্থে 'বাংলাদেশ ওমেন্স ফুটবল লীগ ২০২১-২২' উপলক্ষে প্রণীত "BFF Club Licensing Regulations For Women's Football League 2021-22" ও "BFF Club Licensing Application Manual For Women's Football League 2021-22" এতদসঙ্গে সংযুক্তি হিসেবে প্রেরণ করা হলো। এমতাবস্থায় যে সকল ক্লাব/সংস্থা 'বাংলাদেশ ওমেন্স ফুটবল লীগ ২০২১-২২' এ অংশগ্রহণে অগ্রহী সে সকল ক্লাবসমূহকে এতদসঙ্গে সংযুক্ত "BFF Club Licensing Application Manual For Women's Football League 2021-22", ক্লাবের নির্বাহী কমিটির তালিকা, সম্ভাব্য বাজেট যথাযথভাবে সংযুক্ত/পূরণপূর্বক প্রয়োজনীয় ডকুমেন্ট/কাগজপত্র সংযুক্তি হিসেবে আগামী ২৫ জুলাই ২০২২ তারিখের মধ্যে মতিঝিলস্থ বাফুফে সচিবালয় বরাবর এবং ই-মেইলঃ (miraj.bff@gmail.com) এর মাধ্যমে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। সংশ্লিষ্ট বিষয়ে যে কোন তথ্যের জন্য বাফুফে ক্লাব লাইসেন্সিং অফিসার জনাব মোঃ মিরাজুল ইসলাম (মোবাঃ +৮৮০১৭০৮ ৪৫৪৫৯৮) এর সহিত যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,
বাংলাদেশ ফুটবল ফেডারেশন

মোঃ আবু নাইম সোহাগ
সাধারণ সম্পাদক



সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

অনুলিপিঃ

- ১। বাফুফে কার্যনির্বাহী কমিটি।
- ২। সাধারণ সম্পাদক, সকল জেলা ক্রীড়া সংস্থা।
- ৩। সংশ্লিষ্ট সকল।
- ৪। বাফুফে নোটিশ বোর্ড।

সংযুক্তিঃ

"BFF Club Licensing Regulations For Women's Football League 2021-22" এবং "BFF Club Licensing Application Manual For Women's Football League 2021-22" এর ১ (এক) কপি।